

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১.২৪০

তারিখ: ০৩ জুন ২০২৫

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পভুক্ত ঝিনাইদহ জেলাধীন মহেশপুর উপজেলার ইদ্রাকপুর পল্লী উন্নয়ন মহিলা সমিতির সদস্য জনাব মোছাঃ বিলকিছ খাতুন (আইডি নং-৪০১৪৭১-৯৩-১৭) কে পল্লী উন্নয়ন একাডেমী, গোপালগঞ্জ এ অনুষ্ঠিত বিগত ০৬.০৫.২৫ হতে ০৪.০৬.২৫ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত ৩০ দিন মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণে মনোনয়ন প্রদানপূর্বক প্রেরণ করা হয়। সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় যে, তার বিপরীতে কোন সঞ্চয় জমা নাই অর্থাৎ সঞ্চয় জমার পরিমাণ ০ (শূন্য) থাকা সত্ত্বেও তাকে ০৬/০২/২০২৫ তারিখে সমিতির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে সফটওয়্যারে তার ব্যক্তিগত সক্র তথ্য আপলোড করা হয়। যেখানে সঞ্চয় জমা না করলে তাকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে না সেখানে কিভাবে তার তথ্য সফটওয়্যারে আপলোড করা হয়েছে। প্রকল্পের নীতিমালা অনুযায়ী একজন নতুন সদস্য হওয়ার জন্য কমপক্ষে ৪ সপ্তাহে তার ৮০/- সঞ্চয় থাকতে হয়। প্রকল্প দপ্তর হতে জুম এ্যাপের মাধ্যমে উক্ত সদস্যের সাথে কথা বলে জানা যায় তিনি ছাড়াও তার মা ও ভাবি প্রকল্পের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত রয়েছেন। তাছাড়া তারা অত্র উপজেলায় কর্মরত ইরেসপো কর্মসূচির মাঠ সংগঠক জনাব রিনি খাতুন এর নিকট আশ্রয়। এতে প্রতীয়মান হয় যে আপনি কর্তৃপক্ষের নির্দেশনা সুস্পষ্ট লঙ্ঘন করে সদস্য অন্তর্ভুক্তিসহ প্রশিক্ষণার্থী নির্বাচন করেছেন। ফলশ্রুতিতে প্রকৃত সুফলভোগী সদস্যকে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান না করার কারণে প্রশিক্ষণ বাবদ জন প্রতি ব্যয় ৩৫৮৯৫/- টাকা ও প্রশিক্ষণ্তোর বিনামূল্যে প্রদানকৃত সেলাই মেশিন বাবদ ১১৫০০/- টাকা সর্বমোট ৪৭৩৯৫/- টাকার সরকারি অর্থের অপচয়সহ প্রকল্পের সফল বাস্তবায়ন ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায়, আপনার দায়িত্ব পালনে অবহেলা ও কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান না করার কারণে কেন বর্ণিত সদস্যের বিপরীতে প্রশিক্ষণ ও উপকরণ বাবদ ৪৭৩৯৫/- টাকা সরকারি অর্থ আপনার বেতন-ভাতা হতে আদায় করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন : ০২৪১০১০৩৪১

জনাব পমেট চন্দ্র
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/এটিসি, ইরেসপো,
বিআরডিবি, মহেশপুর, ঝিনাইদহ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ঝিনাইদহ।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, মহেশপুর, ঝিনাইদহ।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।